# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ৪৩২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৫. নাপাক ব্যক্তি কুরআন স্পর্শ করবে না

بَابٌ فِي نَهْيِ الْمُحْدِثِ عَنْ مَسِّ الْقُرْآنِ

### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ يَحْيَى ، ح : وَثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا إِبْرَاهِيمُ بْنُ هَانِئٍ ، قَالَا : نَا الْحَكَمُ بْنُ مُوسَى ، نَا يَحْيَى بْنُ حَمْزَةَ ، عَنْ سُلَيْمَانَ بْنِ دَاوُدَ ، حَدَّثَنِي الزُّهْرِيُّ ، عَنْ أَبِي بَكْرِ بْنِ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ حَزْمٍ ، عَنْ أَبِيهِ ، عَنْ جَدِّهِ : أَنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَتَبَ إِلَى أَهْلِ الْيَمَنِ كِتَابًا ، فَكَانَ فِيهِ : " لَا تَمَسَّ الْقُرْآنَ إِلَّا طَاهِرًا

### বাংলা

৪৩২(৫). আবু বাকর আন-নায়সাপুরী ... আবু বাকর ইবনে মুহাম্মাদ ইবনে আমর ইবনে হাযম (রহঃ) থেকে পর্যায়ক্রমে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়ামানবাসীর উদ্দেশ্যে একটি পত্র লিখেন। তাতে ছিলঃ পাক-পবিত্র অবস্থা ব্যতীত কুরআন স্পর্শ করবে না।

### ফুটনোট

* ইমাম নাসাঈ তাঁর কিতাবুদ দিয়াত-এ এবং আবু দাউদ তাঁর কিতাবুল মারাসীল-এ হাদীসটি নকল করেছেন। আবু দাউদ বলেন, সুলায়মান ইবনে দাউদ নয়, বরং সুলায়মান ইবনে আরকাম। ইমাম নাসাঈ বলেন, সুলায়মান ইবনে দাউদ হওয়াই অধিক যথার্থ। আর সুলায়মান ইবনে আরকাম প্রত্যাখ্যাত রাবী। ইমাম ইবনে হিব্বান বলেন, সুলায়মান ইবনে দাউদ আল-খাওলানী দামিশকের অধিবাসী। তিনি নির্ভরযোগ্য ও নিরাপদ। ইমাম হাকেম, তাবারানী, বায়হাকী, আহমাদ ও ইবনে রাওয়ায় নিজ নিজ গ্রন্থে উক্ত হাদীস বর্ণনা করেছেন। হাফেজ যায়লাঈ (রহঃ) একথা বলেছেন (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবু বকর ইবন মুহাম্মাদ ইবন আমর ইবন হাযম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80221

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন